

বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড কর্তৃক অনুমোদিত

প্রতিষ্ঠান কোড ঃ ৭১০১১

ANANDO

# ANANDO

# আনন্দ

(সংস্কৃতির বিকাশ ও যুব মেধার উন্নয়ন)

# Prospectus



## আনন্দ ভোকেশনাল ট্রেনিং সেন্টার

বলপিয়া আদাম (পর্যটন মোটেলের পূর্ব পাশে) খাগড়াছড়ি
ফোন ঃ ০৩৭১-৬১৫২৮, মোবাইল ঃ ০১৯২৫-৮৪৬৪১৪, ০১৭১১-২৮৪১৯৮
E-mail : anando_kh@yahoo.com

হেড অফিস ঃ আনন্দ, ১৩এ/৪এ, বাবর রোড (২য় তলা), ব্লাক-বি, মোহাম্মদপুর, ঢাকা-১২০৭
ফোন ঃ ০২-৮১১৯৭৬০, ফ্যাক্স ঃ ০২-৮১১৯৭৬৯, E-mail : anando@citechco.net
website : www.anando-bd.org

## ভূমিকা ঃ

আনন্দ একটি স্বেচ্ছাসেবী, বেসরকারী, অরাজনৈতিক, অলাভজনক এবং সংস্কৃতির বিকাশ ও যুব মেধার উন্নয়নমূলক সংগঠন। দেশের কিছু সংখ্যক বরেণ্য বুদ্ধিজীবি, বিজ্ঞানী, কবি-সাহিত্যিক ও সমাজ সেবীদের সহযোগিতায় ১৯৯৬ সালে ঢাকায় প্রতিষ্ঠা লাভ করে। বাংলার আবহমান সংস্কৃতির পাশাপাশি মানব সম্পদের উন্নয়ন তথা সামাজিক ও অর্থনৈতিক উন্নয়নের লক্ষ্যে শান্তি, শিক্ষা, স্বাস্থ্য, পরিবেশ সংরক্ষণ ও আয় বৃদ্ধিমূলক কর্মসূচি হাতে নিয়ে শুরু হয় আনন্দ সংগঠনের অগ্রযাত্রা। বেকার, দরিদ্র, গ্রাম্য যুব সমাজের জন্য কর্মসংস্থান ও দক্ষতা বৃদ্ধির প্রয়োজনে কারিগরি শিক্ষার গুরুত্ব অপরিসীম। আনন্দ তাই ঐ সমস্ত গরীব, অর্ধশিক্ষিত, বিদ্যালয় থেকে ঝরেপড়া বেকার যুবক ও যুব মহিলাদের জন্য বিভিন্ন মেয়াদী কারিগরি প্রশিক্ষণ কর্মসূচীর মাধ্যমে বিভিন্ন ট্রেডে প্রশিক্ষণ দিয়ে স্থানীয়ভাবে কর্মসংস্থান সৃষ্টিতে সহযোগিতা করে আসছে।

## ভোকেশনাল ট্রেনিং-এর লক্ষ্য ও উদ্দেশ্য ঃ

- গ্রাম্য অঞ্চলের বেকার, কর্মহীন ও দরিদ্র যুবক-যুবতীদেরকে কারিগরি ক্ষেত্রে বাস্তব প্রশিক্ষণ দেওয়া হয়।
- কর্মমূখী কারিগরি প্রশিক্ষণের মাধ্যমে চাকুরী ও ব্যবসায় উৎসাহিত করা।
- যুগের চাহিদা অনুযায়ী দক্ষ ও প্রতিযোগী কর্মী তৈরী করা।
- কর্মক্ষেত্রে স্থানীয় ব্যবসায়ী মহলের সঙ্গে প্রশিক্ষণার্থীদের যোগাযোগ ও সহযোগিতার পরিবেশ সৃষ্টি করা।
- প্রশিক্ষণ শেষে প্রশিক্ষণার্থীগণকে নিজ অঞ্চলে আত্মনির্ভরশীল হওয়ার অনুপ্রেরণা দান করা।
- প্রশিক্ষণ শেষে চাকুরী পেতে সহযোগিতা করা।

## আমাদের প্রতিষ্ঠানের বৈশিষ্ট্য ঃ

- স্বনামধন্য টেকনিক্যাল স্কুলের যাবতীয় সুযোগ-সুবিধা নিয়ে পরিচালিত।
- সুপরিসর, খোলামেলা ও যথেষ্ট যন্ত্রপাতি সম্বলিত ক্লাশরুম।
- সুনির্দিষ্ট ও পরিকল্পিত সিলেবাসের উপর পাঠদান।
- নিয়মানুবর্তিতা, শিষ্টাচার ও সামাজিক মূল্যবোধ বিষয়ে পাঠদান।
- কারিগরি প্রশিক্ষণের মাধ্যমে আর্থ-সামাজিক উন্নয়ন ও কর্মসংস্থানের ব্যবস্থা।
- দক্ষ ও দীর্ঘদিনের অভিজ্ঞ প্রশিক্ষকমন্ডলী দ্বারা পরিচালিত।
- বিনোদন, খেলাধুলা ও শিক্ষা সফরের ব্যবস্থা।
- অফিসের নির্ধারিত পোষাক পরিধানে প্রশিক্ষণ প্রদান।
- মনোরম পরিবেশ ও সম্পূর্ণ ধূমপানমুক্ত ক্যাম্পাস।
- প্রশিক্ষণ শেষে কারিগরি বোর্ডের সার্টিফিকেট প্রদান করা হয়।
- ভাল ফলাফলের জন্য ছাত্র/ছাত্রীদের পুরস্কার দেওয়া হয়।
- ক্লাশে ১০০% উপস্থিতির জন্য বিশেষ পুরস্কার দেওয়া হয়।

**বিদেশগামীদের জন্য স্বল্প মেয়াদী শর্ট কোর্সের ব্যবস্থা আছে**

- অল্প খরচে দূরের ছাত্র/ছাত্রীদের জন্য পৃথক-পৃথক আবাসিকের ব্যবস্থা আছে।
- অনাবাসিক ছাত্র/ছাত্রীদের উপস্থিতির ভিত্তিতে মাসিক সর্বোচ্চ ৫০০/- টাকা ভাতা দেওয়া হয়।

## প্রশিক্ষণ কর্মসূচী ঃ


ভোকেশনাল ট্রেনিং প্রকল্পের মাধ্যমে আনন্দ উক্ত কারিগরি প্রশিক্ষণ কর্মসূচী বিগত ২০০৮ সাল হতে খাগড়াছড়ি পার্বত্য জেলায় বাস্তবায়ন করে আসছে।

# ভোকেশনাল ট্রেনিং সেন্টার (ভিটিসি)

## প্রশিক্ষণ কোর্সের মেয়াদ ঃ ১ বছর (১২ মাস)

### জেনারেল ইলেকট্রনিক্স

টেলিভিশন (সাদাকালো ও রঙ্গিন), এ্যামপ্লিফায়ার, ভোল্টেজ স্ট্যাবিলাইজার, ইউপিএস, বেসিক কম্পিউটার ট্রেনিং এবং মোবাইল মেরামত ও সার্ভিসিং।



### ইলেকট্রিক্যাল মেইনটেন্যান্স ওয়ার্কস্

ইন্ডাস্ট্রিয়াল প্যানেল বোর্ডসহ বিভিন্ন প্রকার হাউজ ওয়্যারিং ফ্যান, মটর, ট্রান্সফরমার মেরামত ও সার্ভিসিং প্রশিক্ষণ।



**আপনার সন্তানকে কারিগরি শিক্ষা প্রতিষ্ঠানে ভর্তি করুন**

### জেনারেল মেকানিক্স

অটোমেকানিক্স ও কার ড্রাইভিংসহ মটর সাইকেল, পাওয়ার টিলার, শ্যালো ইঞ্জিন, ওয়াটার পাম্প, জেনারেটর মেরামত ও সার্ভিসিং প্রশিক্ষণ।



### ওয়েল্ডিং

বিদেশে যাওয়ার জন্য বিদেশী প্রযুক্তিতে ১জি-৪জি ওয়েল্ডিং, ৬ জি (পাইপ) ওয়েল্ডিং ও গ্যাস ওয়েল্ডিংসহ বিভিন্ন প্রকার ওয়ার্কশপের কাজ যেমন- দরজা, জানাজা ও বারান্দার গ্রীল, এসএস ষ্টীলের যাবতীয় আসবাবপত্র, কলপস্বিবল ও বাউন্ডারী গেইট, সাঁটার ও সিঁড়ির রেলিং কাজ।



### টেইলারিং (শুধুমাত্র মহিলাদের জন্য)

সেলাই মেশিনে পুরুষ ও মহিলাদের যাবতীয় পোষাক তৈরী, গার্মেন্টস মেশিন ও এমব্রয়ডারী মেশিন চালানো এবং বিভিন্ন ডিজাইনের চুমকি পুঁতির কাজ।



**কারিগরি শিক্ষা নিলে, দেশ বিদেশে কর্ম মিলে**

## ভর্তি ফিস ঃ

- ভর্তি ফিস ঃ ২০০ টাকা (এককালীন)
- জামানত ঃ ৪০০ টাকা (কোর্স শেষে ফেরত যোগ্য)।
- পরিচয় পত্র ফিস ঃ ১২০ টাকা
- ব্লাড গ্রুপ পরীক্ষা ঃ ৩০ টাকা

## বেতন ও অন্যান্য ফিস ঃ

- মাসিক বেতন ঃ ১০০ টাকা
- হোষ্টেল ফিস ঃ ৬০০ টাকা (বাজার দরের সাথে পরিবর্তনশীল)
- বোর্ড কর্তৃক নির্ধারিত রেজিস্ট্রেশন ও ফরমপূরণ বাবদ ঃ ১২৪০ টাকা

## ভর্তির জন্য আবেদন করার নিয়মাবলী ঃ

- অফিসের নির্ধারিত ফরমে আবেদন করতে হবে।
- ৩ কপি পাসপোর্ট সাইজের রঙ্গিণ ছবি।
- চেয়ারম্যান কর্তৃক নাগরিকত্ব সদনপত্র।
- জন্ম নিবন্ধনীকরণের সনদ।
- ভোটার আইডি কার্ডের ফটোকপি (যদি থাকে)।

## প্রশিক্ষণ সময় সূচী ঃ

- সপ্তাহে ৬ দিন কাশ।
- প্রতিদিন সকাল ৯টা থেকে ২টা পর্যন্ত ক্লাশ।
- প্রতিদিন সকাল ৯টা থেকে ১১টা পর্যন্ত থিওরী ক্লাশ এবং ১১টা থেকে ২টা পর্যন্ত ব্যবহারিক ক্লাশ।
- বৃহস্পতিবার সকাল ৯টা থেকে ২টা পর্যন্ত শুধুমাত্র ব্যবহারিক ক্লাশ।

## ভর্তির শর্তাবলী ঃ

- দরিদ্র/ভূমিহীন পরিবারের সন্তানদের অগ্রাধিকার।
- কমপক্ষে ১ বৎসর যাবৎ পড়াশোনা বন্ধ করে বেকার বসে আছে এমন যুবক ও যুব-মহিলা।
- শিক্ষাগত যোগ্যতা কমপক্ষে ৮ম শ্রেণী পাশ তবে ইলেকট্রনিক্স ট্রেডের ক্ষেত্রে কমপক্ষে ১০ম শ্রেণী পাশ হতে হবে।
- বয়স সীমা ১৫ হতে ২৫ বৎসর।
- আনন্দ কর্তৃক আয়োজিত নির্বাচনী পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে।
- সর্বক্ষেত্রে আনন্দ কর্তৃপক্ষের সিদ্ধান্তই চুড়ান্ত বলে গণ্য হবে।

দূরের ছাত্র/ছাত্রীদের জন্য পৃথক-পৃথক আবাসিক (হোস্টেল) সুযোগ আছে

## ইন্টার্ণশীপ (বাস্তবভিত্তিক) প্রশিক্ষণ ঃ

ছাত্র/ছাত্রীদের ভোকেশনাল ট্রেনিং সেন্টারে ১০ মাস বেসিক এবং ২ মাস ইন্টার্ণশীপ প্রশিক্ষণে ব্যবহারিক কাজের উপর আরও দক্ষতা অর্জনের লক্ষ্যে ট্রেড ভিত্তিক বিভিন্ন ব্যবসা প্রতিষ্ঠান, দোকান ও কলকারখানায় বাস্তব ভিত্তিক প্রশিক্ষণ কার্যক্রম পরিচালিত হয়।

## প্রশিক্ষণের পাঠ্য সমূহ ঃ

- ট্রেড থিওরী
- গণিত
- বিজ্ঞান
- ট্রেড প্র্যাকটিক্যাল
- ট্রেড ড্রইং
- সংগীত ক্লাশ
- সোস্যাল এওয়ারনেস এবং ব্যবসার উপর বিশেষ ক্লাশ।

## প্রশিক্ষণ শেষে কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি ঃ

প্রশিক্ষণ শেষে ছাত্র/ছাত্রীদেরকে বোর্ড কর্তৃক সনদপত্র প্রদান করা হয় এবং সরকারি ও বেসরকারী প্রতিষ্ঠানে, স্থানীয় ওয়ার্কশপে, প্রাইভেট কোম্পানী, গার্মেন্টস ফ্যাক্টরীতে কর্মসংস্থানের সুযোগ/চাকরি পেতে শতভাগ সহযোগিতা করা হয়।

## বিভিন্ন প্রতিষ্ঠানে কর্মরত ভিটিসি'র ছাত্র/ছাত্রীবৃন্দ








ভর্তি সেশন ঃ প্রতি বছরের জানুয়ারি